

ফাতওয়া নাম্বার: ৩২৩

প্রকাশকাল: ২৩-০১-২০২৩ ইং

প্রথম স্বামীর তলাক দেওয়া ছাড়া অন্যত্র বিয়ে করলে সেই বিয়ে কি সহীহ হয়?

প্রশ্ন:

বছর দুই আগে আমার পরিচিত এক ভাই এক লোকের স্ত্রীর সাথে পরকীয়ায় জড়িয়ে যায়। ওই মহিলার একটি মেয়েও ছিলো। হঠাৎ একদিন তারা বিয়ে করে নেয়। বিয়ের দিন ওই মহিলা তার স্বামীকে তলাক দেয়। এখন জানার বিষয় হলো, শরীয়তের দৃষ্টিতে ওই মহিলার দেওয়া তলাক এবং তার দ্বিতীয় বিয়ে কি সহীহ হয়েছে?

উল্লেখ্য, বর্তমানে তার দ্বিতীয় বিয়ের বয়স দুই বছর চলছে।

প্রশ্নকারী- মাহমুদুর রহমান

উত্তর:

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

الحمد لله وكفى وسلام على عباده الذين اصطفى، أما بعد

প্রথম কথা হচ্ছে, সহীহ শুদ্ধভাবে তলাক সাব্যস্ত হওয়ার পরও একজন নারীকে অন্যত্র বিয়ে বসার আগে ইদ্দত পালন করতে হয়। নির্ধারিত ইদ্দত শেষ করার আগে বিয়ে বসলে সে বিয়ে সহীহ হয় না।

দ্বিতীয়ত স্ত্রী স্বামীকে তলাক দিলেও তলাক হয় না। কারণ স্ত্রী তলাক দেয়ার অধিকার রাখে না। তলাক দেয়ার অধিকার একমাত্র স্বামীর। হ্যাঁ, স্বামী যদি স্ত্রীকে তার নিজের ওপর তলাক গ্রহণের ক্ষমতা প্রদান করেন, তখন স্বামীর প্রদত্ত ক্ষমতাবলে স্ত্রী তার নিজের ওপর তলাক গ্রহণের অধিকার লাভ করে।

সূত্রাং প্রশ্নোক্ত বর্ণনা অনুযায়ী ওই মহিলার তালাকের বিষয়টি যদি স্বামীর প্রদত্ত ক্ষমতাবলে শরীয়তের নিয়ম অনুযায়ী সইহও হয়ে থাকে, তবুও ইদ্দত শেষ করার আগে বিয়ে করার কারণে দ্বিতীয় বিয়েটি সইহ হয়নি। আর যদি তালাকটিও বিশুদ্ধ নিয়মে না হয়ে থাকে, তাহলে তো তিনি এখনও প্রথম স্বামীর স্ত্রী হিসেবেই বহাল আছেন। উভয় অবস্থায়ই দ্বিতীয় স্বামীসহ তারা উভয়ে মারাত্মক গুনাহের কাজ করছেন। তাদের দায়িত্ব অনতিবলম্বে আলাদা হয়ে যাওয়া এবং পূর্বের বিয়ে কাবিননামা ও তালাকনামা ইত্যাদির কাগজপত্র নিয়ে বিজ্ঞ কোনও মুফতি সাহেবের শরণাপন্ন হওয়া এবং এই পরিস্থিতিতে তাদের সম্পর্কে শরীয়তের বিধান জেনে সে অনুযায়ী আমল করা উচিত। -ফতোয়া হিন্দিয়া: ১/৩৪৬, রদ্দুল মুহতার: ৩/৫১৬, ফতোয়া তাতারখানিয়া: ৪/৩৭৭

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনছ)

১০-০৬-১৪৪৪ হি.

০৪-০১-২০২৩ ঈ.

